



**Discussion Forum on Ecological Sustainability in the Industrial Region – Haldia**  
**13<sup>th</sup> February 2021**

**MEDIA DOSSIER:**

Print Media: Anandabazar Patrika, Bartaman, Haldia News Today, Prabhat Khabar

## পরিবেশ বাঁচাতে সম্মেলন

**হলদিয়া:** শিল্পশহর হলদিয়ায় বিভিন্ন শিল্পসংস্থা যাতে সবুজায়নের দিকে জোর দেন এবং দূষণের সূচক যাতে কমে, তাতে সচেষ্টিত হয়েছে বেঙ্গল চেম্বার অব কমার্স। আগামী ১৩ ফেব্রুয়ারি শনিবার এ নিয়ে ভার্চুয়ালি সম্মেলন করতে একত্রিত হচ্ছেন হলদিয়া শিল্প সংস্থার পরিবেশ সংক্রান্ত আধিকারিকেরা। হলদিয়ায় কীভাবে কার্বন নির্গমন কমানো যায়, সেই বিষয়ে আলোচনা করা হবে সম্মেলনে। আলোচনায় উপস্থিত থাকবেন বেঙ্গল চেম্বার অফ কমার্সের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট তথা ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর সুবীর চক্রবর্তী, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এগজিকিউটিভ

ডিরেক্টর পার্থ ঘোষ, হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের কার্যনির্বাহী আধিকারিক পানিককার হরিশঙ্কর, হলদিয়া পেট্রোকেমিক্যালসের প্লান্ট হেড অশোক কুমার ঘোষ প্রমুখ।

## পাট্টা বিলি

**পাশকুড়া:** জমির পাট্টা বিলি হল পাশকুড়া-১ গ্রাম পঞ্চায়েত এলাকার উত্তর মেচগ্রামে। বুধবার ওই এলাকার ১৫টি আদিবাসী পরিবারের হাতে তুলে দেওয়া হয় পাট্টা। কর্মসূচিতে উপস্থিত ছিলেন পাশকুড়া পুরসভার পুরপ্রধান নন্দ কুমার মিশ্র, বিধায়ক ফিরোজা বিবি প্রমুখ।

## হলদিয়া মহকুমা হাসপাতালে বার্ন ইউনিট গড়বে আইওসি

সংবাদদাতা, হলদিয়া: হলদিয়া মহকুমা হাসপাতালে বার্ন ইউনিট গড়ে দিচ্ছে আইওসি। একই সঙ্গে মহিষাদল গ্রামীণ হাসপাতালে ১০ শয্যার সিজারিয়ান ওয়ার্ড তৈরি করা হচ্ছে। শনিবার হলদিয়ায় বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের ওয়েবিনার শিল্প সম্মেলনে একথা জানান আইওসির এগজিকিউটিভ ডিরেক্টর পার্থ ঘোষ। সামাজিক দায়বদ্ধতা প্রকল্পে আইওসি হলদিয়া শিল্পাঞ্চলের আশেপাশে জনস্বার্থে নানা ধরনের পরিকাঠামো তৈরি করে দিচ্ছে। পার্থবাবু জানান, এই প্রকল্পে ৫টি মডেল আইসিডিএস কেন্দ্র বা শিশুআলয়, হলদিয়া মহকুমা হাসপাতালে করোনা রোগীদের জন্য ২০ শয্যার ডেডিকেটেড আইসোলেশন ওয়ার্ডের মতো অনেকগুলি পরিকাঠামো গড়ার উদ্যোগ নিয়েছে আইওসি। এছাড়া পূর্ব মেদিনীপুর জেলা হাসপাতালে আধুনিক চিকিৎসা সরঞ্জাম দেওয়া হয়েছে। একইসঙ্গে হলদিয়া শিল্পাঞ্চলকে দূষণমুক্ত করার জন্য হলদিয়া উন্নয়ন কর্তৃপক্ষের সঙ্গে যৌথ উদ্যোগ নেওয়া হয়েছে। বিসিসিআইয়ের উদ্যোগে এদিন 'হলদিয়া শিল্পাঞ্চলের পরিবেশগত স্থিতিশীলতা' শীর্ষক ওয়েবিনারের আয়োজন করা হয়। আইওসি, পেট্রকেম, হলদিয়া এনার্জি লিমিটেড, এক্সাইড সহ একাধিক শিল্পসংস্থার পদস্থ কর্তারা এই ওয়েবিনার শিল্পসম্মেলনে অংশ নেন। এছাড়া খড়াপুর আইআইটি, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ অধ্যাপক ও আমেরিকার টেক্সাস থেকে কয়েকজন পরিবেশ বিশেষজ্ঞ এবং রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদের আধিকারিকরা অংশ নেন।

Publication: Haldia News Today

Date: 15.02.2021

Edition: Haldia

Page: 3

Haldia News Today

(Fortnightly)

3 (Three) 15 February 2021

## দশ শয্যার সিজারিয়ান ওয়ার্ড তৈরি করবে আই ও সি

হলদিয়াঃ গত ১৩ ফেব্রুয়ারি শনিবার, হলদিয়ার বণিক সভা বেঙ্গল চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজের ওয়েবিনার শিল্প সম্মেলনে আই ও সির এগজিকিউটিভ ডিরেক্টর পার্থ ঘোষ জানান মহিষাদল বাসুলিয়া ধানীন হাসপাতালে ১০ শয্যার সিজারিয়ান ওয়ার্ড তৈরি করা হবে। হলদিয়া মহকুমা হাসপাতালে বার্ন ইউনিট গড়া হচ্ছে বলেও জানান। হলদিয়া রিফাইনারির সামাজিক

দায়বদ্ধতা প্রকল্পে আই ও সি শিল্প শহর হলদিয়ার আশেপাশে বহু জনস্বার্থে নানা ধরনের পরিকার্তামো তৈরি করে দিচ্ছে। এই প্রকল্পে পাঁচটি মডেল আই.সি.ডি.এস (ICDS) কেন্দ্র বা শিশু আলয়, এবং হলদিয়া মহকুমা হাসপাতালে কোভিড-১৯ করোনা রোগীদের জন্য ২০ শয্যার ডেডিকেটেড আইসোলেশন ওয়ার্ডের মতো অনেকগুলি পরিকার্তামো গড়ার উদ্যোগ নিয়েছে

হলদিয়া আই ও সি। আই ও সি, পেট্রোকেম, হলদিয়া এনার্জি লিমিটেড, এক্সাইড সহ একাধিক শিল্পসংস্থার পদস্থ কর্তারা এই ওয়েবিনার শিল্প সম্মেলনে অংশ নেন। এদিন যাদবপুর বিশ্ব বিদ্যালয়ের বিশেষজ্ঞ অধ্যাপক ও অ্যামেরিকার টেক্সাস থেকে কয়েকজন পরিবেশ বিশেষজ্ঞ এবং রাজ্য দুর্গ নিয়ন্ত্রণ পর্ষদের আধিকারিকরা অংশ নেন।

Publication: Prabhat Khabar	Date: 14.02.2021
Edition: Kolkata	Page: 6

प्रभात खबर

14.02.2021 | 06

## हल्दिया के औद्योगिक विकास पर सेमिनार

**कोलकाता.** हल्दिया के हितधारकों को एक साथ लाने के लिए औद्योगिक क्षेत्रों में पर्यावरणीय स्थिरता पर बंगाल चेंबर ऑफ कॉमर्स के विशेष सेमिनार के चौथे संस्करण का शनिवार को आयोजन किया गया. इंडियन ऑयल कॉर्पोरेशन लिमिटेड, हल्दिया रिफ़ाइनरी, एक्साइड इंडस्ट्रीज लिमिटेड, इंडोरामा इंडिया प्राइवेट लिमिटेड, हल्दिया एनर्जी लिमिटेड जैसी कंपनियों के प्रतिनिधि शहर के सतत विकास पर अपने विचार रखे. सुनंदा पर्यावरण इंटरनेशनल प्राइवेट लिमिटेड (यूके स्थित कंपनी), थिंक टैंक, सीईटीटीएस, जयपुर और टेक्सास के विशेषज्ञ और जादवपुर विश्वविद्यालय व आइआइटी खड़गपुर के प्रोफेसर भी चर्चा में मौजूद थे.